

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
তাড়াইল, কিশোরগঞ্জ।

বিষয় : স্বেচ্ছাসেবী মহিলা সমিতির ২০২২-২০২৩ অর্থবছরের অনুদানের আবেদন ফরম যাচাই বাচাই সংক্রান্ত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : লুবনা শারমীন, উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ।

সভার স্থান: উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অফিস কক্ষ, তাড়াইল, কিশোরগঞ্জ।

সভার তারিখ : ২০ অক্টোবর, ২০২২ খ্রি: সময়: সকাল ১০.০০ ঘটিকা।

(সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট- ক)

সভার শুরুতে উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ পরিচালনার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাড়াইলকে অনুরোধ জানানো হয়। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরের অনুদান প্রদানের লক্ষ্যে স্বেচ্ছাসেবী মহিলা সমিতি সমূহ থেকে আবেদন পত্র আহবান করলে নির্ধারিত সময়ের মধ্যে ১ টি আবেদন পত্র পাওয়া যায়। আবেদন পত্র পরীক্ষা নিরীক্ষা পূর্বক নীতিমালা মোতাবেক সাধারণ অনুদান প্রদানের জন্য সুপারিশ করার অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত: আবেদন পত্র সমূহ পরীক্ষা নিরীক্ষান্তে সঠিক হওয়ায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সমিতিসমূহকে শ্রেণী বিন্যাস ও অনুদান পাওয়ার জন্য সুপারিশ করা হয়।

ক্রঃ নং	সমিতির নাম রেজিস্ট্রেশন নম্বর ও তারিখ	সমিতির বর্তমান সদস্য সংখ্যা	চলতি অর্থ বছরের কর্মসূচী	সমিতির শুরু হতে গত অর্থ বছর পর্যন্ত বারমাস হতে প্রাপ্ত অনুদান। (ক) অর্থ বছর (খ) টাকার পরিমাণ	অডিট প্রতিবেদন আছে কি না	সুপারিশকৃত অনুদানের পরিমাণ / শ্রেণী	উপজেলা কমিটির সুপারিশ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১.	রাউতি মহিলা উন্নয়ন সমিতি রাউতি, বানাইল, তাড়াইল, কিশোরগঞ্জ রেজি: মবিঅ/কিশোর/রেজি:৩৮/২০০৫ তারিখ: ২৮/০৯/২০০৫	৪০ জন	বাল্য বিবাহ প্রতিরোধ, ইউটিজিং প্রতিরোধ, উৎপাদনমুখী বিভিন্ন প্রশিক্ষণ, পারিবারিক সহিংসতা ও নারী নির্যাতন প্রতিরোধে জনগণকে সচেতন করা হয়।	২০১৬-১৭-১৫০০০ ২০১৭-১৮-২৫০০০ ২০১৮-১৯-২৫০০০	হ্যাঁ	৭০০০০ "ক"		

বাস্তবায়নে: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(লুবনা শারমীন)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

স্বেচ্ছাসেবী মহিলা সমিতি সংক্রান্ত উপজেলা কমিটি

তাড়াইল, কিশোরগঞ্জ।

তারিখ: ২০/১০/২০২২ খ্রি:।

স্মারক নং- ৩২.০১.৪৮৯২.০০০.২০.০২৭.১৬-

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১। উপ পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কিশোরগঞ্জ।

২। অফিস কপি।

(মাহমুদা সুলতানা)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

ও

সদস্য সচিব

স্বেচ্ছাসেবী মহিলা সমিতি সংক্রান্ত উপজেলা কমিটি

তাড়াইল, কিশোরগঞ্জ।